# নেপালে বন্যা-ভূমিধসে প্রাণহানিতে প্রধানমন্ত্রীর শোক, সহযোগিতার আশ্বাস



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

নেপালে আকস্মিক বন্যা ও ভূমিধসে প্রাণহানি এবং ব্যাপক ক্ষয়ক্ষতির ঘটনায় গভীর শোক জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। একই সঙ্গে দুর্যোগ মোকাবিলায় নেপালের সরকার ও জনগণের পাশে থাকার পাশাপাশি উদ্ধার ও ত্রাণকাজে প্রয়োজনীয় সহযোগিতার আশ্বাস দিয়েছে বাংলাদেশ।

বুধবার (২৬ আগস্ট) দেওয়া এক শোকবার্তায় প্রধানমন্ত্রী বলেন, নেপালের এই প্রাকৃতিক দুর্যোগে প্রাণহানি ও ধ্বংসযজ্ঞে বাংলাদেশের মানুষও মর্মাহত। পরিস্থিতির সর্বশেষ খবর বাংলাদেশ সরকার নিয়মিতভাবে পর্যবেক্ষণ করছে বলেও জানান তিনি।

শোকবার্তায় বলা হয়, শত শত মানুষ এখনো নিখোঁজ রয়েছেন। তাঁদের অনেকেরই মৃত্যুর আশঙ্কা করা হচ্ছে। নিখোঁজদের মধ্যে পর্যটকরাও রয়েছেন।

প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বাধীন বাংলাদেশ সরকার ও জনগণের পক্ষ থেকে নেপাল সরকার এবং দেশটির জনগণের প্রতি সংহতি প্রকাশ করা হয়। একই সঙ্গে দুর্যোগে নিহতদের স্বজনদের প্রতি গভীর সমবেদনা জানানো হয়েছে।

নিখোঁজ ব্যক্তিদের দ্রুত সন্ধান এবং আহতদের প্রয়োজনীয় চিকিৎসা নিশ্চিত হবে বলে আশা প্রকাশ করেন প্রধানমন্ত্রী। নেপালের উদ্ধার ও ত্রাণ কার্যক্রমে বাংলাদেশের পক্ষ থেকে সম্ভাব্য সব ধরনের সহযোগিতা দেওয়ার প্রস্তুতির কথাও শোকবার্তায় জানানো হয়।

এদিকে বন্যা ও ভূমিধসে নেপালের বিভিন্ন এলাকায় ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। অনেক মানুষ নিখোঁজ থাকায় হতাহতের সংখ্যা আরও বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। নিখোঁজদের উদ্ধারে বিভিন্ন সংস্থা ও উদ্ধারকারী দল অভিযান চালাচ্ছে।

দুর্যোগকবলিত এলাকায় আটকে পড়া মানুষদের নিরাপদে সরিয়ে নেওয়ার পাশাপাশি ক্ষতিগ্রস্তদের সহায়তায় স্থানীয় প্রশাসন ও বিভিন্ন উদ্ধারকারী সংস্থা কাজ করছে।

এই দুর্যোগের সময়ে নেপালের পাশে থাকার কথা জানিয়ে বাংলাদেশ দুই দেশের বন্ধুত্বপূর্ণ সম্পর্কের পাশাপাশি মানবিক সহযোগিতার প্রতিশ্রুতিও পুনর্ব্যক্ত করেছে।